

তাল্লায় কলেজ অধ্যক্ষের দুর্নীতির তদন্ত রিপোর্ট তিন বছরেও বাস্তবায়ন হয়নি

■ তাল্লা (সাতক্ষীরা) সংবাদদাতা -

উপজেলায় পাটবেঙ্গলমাটা হারুন-অর-রশিদ কলেজের অধ্যক্ষ মোঃ ওয়াজিহুর রহমান খানের বিরুদ্ধে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগের উপর তদন্ত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে প্রেরণের জন্য মন্ত্রণালয়ের নির্দেশ ৩ বছরেও বাস্তবায়ন হয়নি।

জানা গেছে, বিগত জোট সরকারের আমলে সাতক্ষীরা জেলার তাল্লা উপজেলায় পাটবেঙ্গলমাটা হারুন-অর-রশিদ কলেজের অধ্যক্ষ মোঃ ওয়াজিহুর রহমান খানের অবৈধ নিয়োগ ও তার কর্তৃক সংগঠিত ওরুতর অনিয়ম ও দুর্নীতির অভিযোগের উপর তদন্তপূর্বক ১৫ দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সাতক্ষীরা জেলা প্রশাসনকে নির্দেশ দেয়া হয়। বিগত ৩ বছরেও অধ্যক্ষের বিরুদ্ধে মন্ত্রণালয়ের এ নির্দেশ কার্যকর করা হয়নি।

অভিযোগ প্রকাশ, অধ্যক্ষ ওয়াজিহুর রহমান খান ১৯৮৩ সালে এমএ পাস না করেই সম্পূর্ণ অবৈধভাবে ইংরেজি বিষয়ের প্রভাবক পদে নিয়োগপ্রাপ্ত হন। তিনি ১৯৮৩ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত কলেজে অনুপস্থিত থেকে সরকারি চাকরিতে নিয়োজিত থাকেন এবং ১৯৮৫ সালে পিছনের মরজা দিয়ে প্রভাবক পদে এমপিওভুক্ত হন। বিগত ২৭/৮/৯৩ ইং তারিখে পরিচালনা পরিষদের সভায় তার চাকরি বৈধকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ২০/০৯/৯৩ ইং তারিখে মরখাত ধামাদানের শেষ তারিখ ও ২৫/০৯/৯৩ তারিখে সাক্ষাৎকার গ্রহণের তারিখ ধার্য হয়। কিন্তু পরবর্তীতে বৈধকরণের এ কার্যটি কখনও সম্পন্ন করা হয়নি। পরবর্তীতে তিনি ৮ বছরের এ অবৈধ অভিজ্ঞতা দেখিয়ে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি নেন এবং বিগত জোট সরকারের শাসন আমলে প্রথমে ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং পরে উক্ত অভিজ্ঞতা দেখিয়ে কলেজের সকল শিক্ষকবৃন্দের আপত্তি সত্ত্বেও সম্পূর্ণ অবৈধ প্রক্রিয়ায় তিনি নিয়োগ কোর্টে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে সচিবের দায়িত্ব পালন করেন, আবার নিজেই প্রাপ্ত হয়ে অধ্যক্ষ পদে নির্বাচিত হন।